**দৈনিক সংবাদ**

তারিখ 07 DEC 1989
পৃষ্ঠা ... কলাম ...

114

## শিক্ষাঙ্গনে সন্ত্রাস নির্মূল করতে হলে--

গত ২৯শে নভেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ের মেধাবী ছাত্র আরিফ আহমেদের করুণ মৃত্যুর মধ্য দিয়ে আবার প্রমাণিত হয়েছে, সকল মহলের আন্তরিক প্রচেষ্টা ও সরকারের সদিচ্ছা না থাকলে শিক্ষাঙ্গন থেকে সন্ত্রাস নির্মূল করা যাবে না। আর যার পরিণতিতে মায়ের বুক খালি করে রাউফুন বসুনিয়া, আসলাম, মুন্না, হালিম, কনক ও আরিফদের তালিকা দীর্ঘ থেকে দীর্ঘতর হতে থাকবে। অস্ত্রের উৎসমুখ বন্ধ না করে মাঝে মাঝে হলগুলোতে হানা দিয়ে দু'চারটা আগ্নেয়াস্ত্র ও দু'চারটা 'পিয়াজ কাটা ছুরি' উদ্ধার করলেই যে সন্ত্রাস নির্মূল করা যায় না এবং এটা যে এক ধরনের আনুষ্ঠানিকতা মাত্র এতে কোন সন্দেহ নেই।

গত কয়েক বছর ধরে কিছু কিছু ছাত্র সংগঠনের শ্লোগান শুনলেই হতবাক হতে হয়। এ সকল সংগঠন গণতান্ত্রিক আন্দোলনের শরিক অথচ তাদের শ্লোগানের মধ্যেই সন্ত্রাসের সুর লুকিয়ে আছে। যেমন: 'একটা গুলী চললে পাল্টা গুলী চলবে'; 'একটা বোমা ফাটলে পাল্টা বোমা ফাটবে' ইত্যাদি। এ ধরনের শ্লোগান যে সন্ত্রাস দমন করে না বরং সন্ত্রাসকে উস্কে দেয় এতে কি সন্দেহ আছে? কোমরে আগ্নেয়াস্ত্র রেখে সন্ত্রাসের বিরুদ্ধে শ্লোগান দেয়ার মত হাস্যকর ও আশ্চর্যের ঘটনা আর কি হতে পারে? যেসব সংগঠন স্বৈরাচারের বিরুদ্ধে আন্দোলন করে অথচ সংগঠনের অভ্যন্তরীণ সন্ত্রাসীদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে পারে না বরং তাদের পুষে রাখে, তারা কি করে শিক্ষাঙ্গনের সন্ত্রাস নির্মূল করবেন?

শিক্ষাঙ্গন থেকে সন্ত্রাস চিরতরে নির্মূল করতে হলে আমার মতে নিম্নলিখিত ব্যবস্থাগুলো নিতে হবে:

(১) অস্ত্রের উৎসমুখ বন্ধ করতে হবে, আর এ ক্ষেত্রে সরকারের সদিচ্ছা ও সহযোগিতা থাকা চাই পুরোপুরি।

(২) নীরব দর্শকের ভূমিকায় না থেকে পুলিশ বাহিনীকে আরো সক্রিয় হতে হবে, যাতে অবাঞ্ছিত ঘটনার আগেই তারা ব্যবস্থা নিতে পারেন।

(৩) ছাত্র সংগঠনসমূহকে দলীয় সংকীর্ণতার উর্ধ্বে উঠতে হবে। কোনক্রমেই সংগঠনের মধ্যে সন্ত্রাসকারীদের প্রশ্রয় দেয়া যাবে না।

(৪) ব্যক্তিগত অন্তর্দ্বন্দ্ব যেন সংগঠনকে প্রভাবিত করতে না পারে (যেমনটি ঘটেছে সম্প্রতি ছাত্রলীগ (হা অ) ও ছাত্রলীগ (না-শ) সংগঠন দুটির মধ্যে।

(৫) যেকোন সন্ত্রাসী ঘটনার জন্য সন্ত্রাসকারীদের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। সন্ত্রাসকারীদের কালোতালিকা প্রকাশ ও প্রচার করতে হবে।

(৬) সর্বোপরি সরকারের সদিচ্ছা থাকতে হবে। সরকারের সদিচ্ছা থাকলে সন্ত্রাস নির্মূল করা অসম্ভব নয়।

পরিশেষে এটুকুই বলি, সকল মহলের আন্তরিক প্রচেষ্টায় পেশীশক্তির বিরুদ্ধে ঐক্যবদ্ধ ও কার্যকর ব্যবস্থা গ্রহণ করলে শিক্ষাঙ্গন থেকে সন্ত্রাস দূর হতে পারে, নতুবা নয়।

শ্যামল চন্দ্র কর্মকার,
নাট্য সম্পাদক,
জগন্নাথ হল ছাত্র সংসদ,
ঢা: বি, ঢাকা ১০০০